

ঢাকা ওয়াসা

- ১) স্মারক নং- ২১৬, তারিখঃ ০৯/০৩/২০২৬, স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত।
- ২) প্রশিক্ষনার্থীগণের তালিকা।
- ৬। প্রশিক্ষণ কর্মসূচী

বিষয়ঃ ০৩ ব্যাচে “নির্বাচনী ইশতেহারঃ ঢাকা ওয়াসার কর্ম-পরিকল্পনা”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থ-বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “নির্বাচনী ইশতেহারঃ ঢাকা ওয়াসার কর্ম-পরিকল্পনা”-শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী অন্তর্ভুক্ত রয়েছে। নির্বাচনী ইশতেহার ২০২৬ সম্পর্কে সম্যক ধারণা প্রদান, ২০২৬-২৭ অর্থবছরের এবং আগামী ০৫ বছরের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ করার জন্য উক্ত প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যিক। নির্বাচনী ইশতেহার অনুসারে ঢাকা ওয়াসার সাথে সম্পৃক্ত বা সামঞ্জস্যপূর্ণ প্রতিশ্রুতিসমূহ সম্পর্কে ঢাকা ওয়াসায় কর্মরতদের ধারণা প্রদানের জন্য ০৩ ব্যাচে উক্ত প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে।

০২। ঢাকা ওয়াসা বিভিন্ন অফিস/বিভাগ/জোন/প্রকল্প এ কর্মরত প্রতি ব্যাচে ৩৫ (পঁয়ত্রিশ) জন হিসেবে মোট ১০৫ (একশত পাঁচ) জন কর্মকর্তাকে (সংযুক্তি-২) ০৩ ব্যাচে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের পরামর্শক্রমে উক্ত প্রশিক্ষণের কর্মসূচী (সংযুক্তি-৩) প্রণয়ন করা হয়েছে। ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ যথাক্রমে আগামী ০৬ জুলাই ২০২৬ (১ম ব্যাচ), ০৭ জুলাই ২০২৬ (২য় ব্যাচ) এবং ০৮ জুলাই ২০২৬ (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে শীতলক্ষ্যা মাল্টিপারপাস হল, ওয়াসা ভবন এ আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ১০৫ (একশত পাঁচ) জন কর্মকর্তার মনোনয়ন সদয় অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন কর্মকর্তা যৌক্তিক কারণে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে।

০৩। পূর্ণকর্মদিবসব্যাপী ০৩ ব্যাচে ১০৫ (একশত পাঁচ) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৬৮,৪০০/-	(৩ সেশন ৩,৬০০/- টাকা হারে+৪ সেশন ৩,০০০/- টাকা হারে)×২ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৮৪,০০০/-	০৩ ব্যাচের ১০৫ জন ৮০০/- হারে
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৬,০০০/-	প্রতিদিন ২,০০০/- টাকা হারে ৩ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৪,৫০০/-	প্রতিদিন ১,৫০০/- টাকা হারে ৩ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৯,০০০/-	৩ জন প্রতিদিন ১,০০০/- টাকা হারে ৩ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৭৮,৩০০/-	বক্তা সাপোর্টিং স্টাফসহ ৪৫ জন ৫৮০/- টাকা হারে ৩ ব্যাচ
(ছ) পানি	৪,৪৫৫/-	আধা লিটার ১১ কেস ১৩৫/- টাকা হারে ৩ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৪৭,২৫০/-	০৩ ব্যাচের ১০৫ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	১৫,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৩,১৬,৯০৫/-	(কথায়ঃ টাকা তিন লক্ষ ষোল হাজার নয়শত পাঁচ মাত্র)

M. M. M.
- ২২/৬/২৬

অপর পাতায় দ্রষ্টব্য →

০৪। এমতাবস্থায়, “নির্বাচনী ইশতেহারঃ ঢাকা ওয়াসার কর্ম-পরিকল্পনা”-শীর্ষক প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য ১০৫ (একশত পাঁচ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট = ৩,১৬,৯০৫/- (টাকা তিন লক্ষ ষোল হাজার নয়শত পাঁচ মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।



১১৭০
২১/০৬/২০২১

২২/০৬/২০২১

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দা:)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

২২/০৬/২০২১
DMD CAR 8 A

এ.কে.এ.এম, ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

২২/০৬/২০২১
MD 2

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২৬/০৬/২১

২৩/০৬/২১
২৩/০৬/২১
২৩/০৬/২১

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দা:)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

২৩/০৬/২০২১

এ.কে.এ.এম, ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।